

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৯৬

আগরতলা, ১ নভেম্বর, ২০২৩

আফ্রিকান সোয়াইন ফিভার  
খোয়াই লাকের রামচন্দ্রগাটে  
বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা

খোয়াই লাকের অন্তর্গত রামচন্দ্রগাটের জনৈক রবীন্দ্র দাসের শুকর খামারে আফ্রিকান সোয়াইন ফিভারের সংক্রমণ দেখা দেওয়ায় বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রধান সচিব আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আরাটিপিসিআর পদ্ধতিতে নমুনা পরীক্ষার পর শুকরের মধ্যে আফ্রিকান সোয়াইন ফিভার ধরা পড়েছে। আফ্রিকান সোয়াইন ফিভার সংক্রমণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য পূর্ব রামচন্দ্রগাটের রবীন্দ্র দাসের শুকরের ফার্মটিকে এই রোগের এপিসেন্টার বা উৎসকেন্দ্র ঘোষণা করা হয়েছে। এই এপিসেন্টার থেকে সবদিকে ১ কিলোমিটার পর্যন্ত এলাকাকে ইনফেক্টেড জোন (IZ) এবং সবদিকে ১০ কিলোমিটার পর্যন্ত এলাকাকে সার্ভিলেন্স জোন (SZ) হিসেবে ঘোষণা করা হয়েছে।

\*\*\*\*\*